



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম
(স্থানীয় সরকার শাখা)
www.chittagongdiv.gov.bd



স্মারক নম্বর-০৫.৪২.০০০০.০৪১.০৫.০৫৪.১৯.৫৪৩

তারিখ: ২২ ভাদ্র ১৪২৯
০৬ সেপ্টেম্বর ২০২২

বিষয় : চট্টগ্রাম জেলার বাঁশখালী উপজেলাধীন খাটখালী হতে আনোয়ারা উপজেলার গহিরা পর্যন্ত নতুন ফেরিঘাট সৃজন প্রসঙ্গে।

সূত্র : চট্টগ্রাম জেলাপরিষদের ১৪.০৮.২০২২ তারিখের জেপ/চট্ট/২০২২-৩৫১১ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম জেলার বাঁশখালী উপজেলাধীন খাটখালী হতে আনোয়ারা উপজেলার গহিরা পর্যন্ত নতুন ফেরিঘাট সৃজন করার জন্য জনাব বানু হোছাইন, পিতা-নুরুল ইসলাম, পশ্চিম বড়ঘোনা, গণ্ডামারা ইউনিয়ন এর আবেদনের প্রেক্ষিতে সরেজমিন তদন্তপূর্বক 'খাটখালী-গহিরা ঘাট' নামীয় আন্ত: উপজেলা নতুন ফেরিঘাট সৃষ্টির প্রস্তাব প্রেরণ করা হয়।

এমতাবস্থায়, District Council Taxation Rules, ১৯৬০-এর আলোকে ৩৫ এর সাবরুল (২) অনুসরণপূর্বক প্রস্তাবিত বাঁশখালী উপজেলাধীন খাটখালী হতে আনোয়ারা উপজেলার গহিরা পর্যন্ত 'খাটখালী-গহিরা ঘাট' নামীয় আন্ত: উপজেলা নতুন ফেরিঘাট সৃজনের বিষয়ে বিভাগীয় কমিশনার মহোদয় সদয় অনুমোদন প্রদান করেছেন।

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, চট্টগ্রাম


মোহাম্মদ মিজানুর রহমান
অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন)
ও
পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ
ফোন: ০২-৪১৩৬০৮০৩
ইমেইল-dlgsectionctg@gmail.com
৪৮